

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখঃ ২২ জ্যৈষ্ঠ, ১৪২১ বঙ্গাব্দ / ০৫ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১১৩-আইন/২০১৪/৭০৮-মূসক।- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, অত্র বিভাগের ২৪ জ্যৈষ্ঠ, ১৪১৯ বঙ্গাব্দ মোতাবেক ০৭ জুন, ২০১২ খ্রিষ্টাব্দ তারিখে প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৯১-আইন/২০১২/৬৪৯-মূসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) অনুচ্ছেদ ১ এর-

(অ) দফা (গ) এর প্রান্তগস্থিত “এবং” শব্দটি বিলুপ্ত হইবে;

(আ) দফা (ঘ) এর প্রান্তগস্থিত দাঁড়ি চিহ্নের পরিবর্তে “; এবং” কোলন চিহ্ন ও শব্দটি প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ একটি নূতন দফা (ঙ) সংযোজিত হইবে, যথা:-

“(ঙ) Rape Seeds oil, Colza Seeds oil and Canola Seeds oil and fraction thereof (Heading 15.14)।”;

(খ) অনুচ্ছেদ (২) এ উল্লিখিত “২০১৪” সংখ্যার পরিবর্তে “২০১৫” সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ গোলাম হোসেন)

সচিব